“যখন মানুষ মৃত্যুবরণ করে তখন তার সমস্ত আমল বন্ধ হয়ে যায় তিন প্রকার আমল ছাড়া। সাদাকা জারিয়াহ্(চালু থাকে এমন) অথবা এমন ইলম যার দ্বারা উপকার হয় অথবা পুণ্যবান সন্তান যে তার জন্যে দু’আ করতে থাকে”।

আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যখন মানুষ মৃত্যুবরণ করে তখন তার সমস্ত আমল বন্ধ হয়ে যায় তিন প্রকার আমল ছাড়া। সাদাকা জারিয়াহ্(চালু থাকে এমন) অথবা এমন ইলম যার দ্বারা উপকার হয় অথবা পুণ্যবান সন্তান যে তার জন্যে দু’আ করতে থাকে”। [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মৃত ব্যক্তির আমল তার মৃত্যুর সাথে সাথে বন্ধ হয়ে যায়, তার মৃত্যুর পরে তার কোন নেক আমল হাসিল হয় না এই তিনটি জিনিস ছাড়া: যেহেতু সে এগুলোর উপলক্ষ্য হয়েছিল: প্রথমটি: সদকা যার সাওয়াব চলমান এবং স্থায়ী, বন্ধ হয় না যেমন ওয়াকফ করা, মসজিদ নির্মাণ করা, কূপ খনন করা ইত্যাদি। দ্বিতীয়টি: এমন ইলম যার দ্বারা মানুষ উপকৃত হয়, যেমন ইলমের কিতাব রচনা করা, বা কাউকে শিক্ষা দেওয়া; তারপর সেই ব্যক্তি তার মৃত্যুর পরে তার ইলম ছড়িয়ে দিল। তৃতীয়: সৎ মুমিন সন্তান যে তার পিতামাতার জন্য দোয়া করে।

https://sunnah.global/hadeeth/bn/show/65566